গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

নথি: ০৮.০১.০০০০.০২৮.১০.০০৩.১৬/৬৮৫ তারিখ ঃ ০৪/০১/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ **বাংলাদেশ প্রিমিয়ার লীগ টি-২০তে অংশগ্রহণকারী বিদেশী খেলোয়াড়দের ফ্রাঞ্চাইজি কর্তৃক প্রদত্ত প্রদেয় সম্মানীর উপর আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা অনুযায়ি উৎসে আয়কর কর্তন সংক্রান্ত।**

সম্প্রতি অনুষ্ঠিতব্য বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আয়োজিত বাংলাদেশ প্রিমিয়ার লীগ টি-২০ তে দেশের ৬(ছয়)টি ফ্রাঞ্চাইজির অংশগ্রহণে (Barisal Bulls, Chittagong Vikings, Comilla Victorians, Dhaka Dynamites, Rangpur Riders & Sylhet Super Stars) বিভিন্ন দেশের জনপ্রিয় খেলোয়াড়গণের অংশগ্রহণে সমাপ্ত হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৬ ধারা মোতাবেক কোন অনিবাসী ব্যক্তি, বিবেচ্য ক্ষেত্রে অংশগ্রহণকারী বিদেশী শিল্পী/খেলোয়াড়/কলা-কুশলীদেরকে অর্থ প্রদানের ক্ষেত্রে প্রদেয় অর্থের উপর ৩০% হারে উৎসে আয়কর কর্তনের আইনি বিধান রয়েছে। উল্লেখ্য যে, বাংলাদেশ ক্রিকেট বোর্ড এর নিজস্ব ব্যবস্থাপনায় গত ২০ নভেম্বর, ২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ প্রিমিয়ার লীগ টি-২০ (বিপিএল) এর উদ্বোধনী অনুষ্ঠানে ভারত ও শ্রীলংকা থেকে আগত ৪৪ (চুয়াল্লিশ) জন বিদেশী শিল্পী অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিদেশী শিল্পীগণ অংশগ্রহনের জন্য প্রদেয় সম্মানীর উপর ৩০% হারে উৎসে আয়কর কর্তন বাবদ মোট ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা সার্কেল-২২২ (কোম্পানীজ), কর অঞ্চল-১১, ঢাকা বরাবর ব্রাক ব্যাংক এর পে-অর্ডার নং: ৮৫৪৯৫৮, তারিখ: ১৭ নভেম্বর, ২০১৫ খ্রি: মারফত জাতীয় রাজস্ব বোর্ডে জমা প্রদান করা হয়।

০২। বাংলাদেশ প্রিমিয়ার লীগ টি-২০ তে দেশের ৬(ছয়) টি ফ্রাঞ্চাইজির অংশগ্রহণে (Barisal Bulls, Chittagong Vikings, Comilla Victorians, Dhaka Dynamites, Rangpur Riders & Sylhet Super Stars) বিভিন্ন দেশের জনপ্রিয় খেলোয়াড়গণের অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আয়োজন করে। প্রতিটি ফ্রাঞ্চাইজে অংশগ্রহণকারী বিদেশী খেলোয়াড়দের ফ্রাঞ্চাইজি কর্তৃক প্রদেয় সম্মানীর উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৬ ধারা মোতাবেক কোন অনিবাসী ব্যক্তি, বিবেচ্য ক্ষেত্রে অংশগ্রহণকারী বিদেশী শিল্পী/খেলোয়াড়/কলা-কুশলীদেরকে অর্থ প্রদানের ক্ষেত্রে প্রদেয় অর্থের উপর ৩০% হারে উৎসে আয়কর কর্তনের আইনী বিধান থাকায় জারাবো নথি নং: (১) ০৮.০১.০০০০.০২৮.১০.০০২.১৫ (অংশ-৩)/৬৫৭, তারিখ: ২২ নভেম্বর, ২০১৫ খ্রি:, (২) ০৮.০১.০০০০.০২৮.১০.০০২.১৫ (অংশ-৪)/৬৬৭, তারিখ: ০৩ ডিসেম্বর, ২০১৫ খ্রি: এবং (৩) ০৮.০১.০০০০.০২৮.১০.০০২.১৫ (অংশ-৪)/৬৮১, তারিখ: ২৯ ডিসেম্বর, ২০১৫ খ্রি: (কপি সংযুক্ত) এর মাধ্যমে ফ্রাঞ্চাইজিগুলোর নিকট হতে উৎসে আয়কর কর্তন পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য চিফ এক্সিকিউটিভ অফিসার, বাংলাদেশ ক্রিকেট বোর্ড বরাবর অনুরোধ করা হয়। বিসিবি বরাবর পর পর তিনটি পত্র প্রেরণ করা হলেও এসংক্রান্ত অদ্যাবধি কোন উত্তর পাওয়া যায়নি।

০৩। এমতাবস্থায়, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৬ ধারা মোতাবেক কোন অনিবাসী ব্যক্তি, বিবেচ্য ক্ষেত্রে অংশগ্রহণকারী বিদেশী শিল্পী/খেলোয়াড়/কলা-কুশলীদেরকে অর্থ প্রদানের ক্ষেত্রে প্রদেয় অর্থের উপর ৩০% হারে উৎসে আয়কর কর্তনের জন্য তথ্য সংগ্রহ, বিসিবি ও ফ্রাইঞ্চজিগুলোর সাথে আলোচনার মাধ্যমে সরকারী কোষাগারে উৎসে আয়কর জমা প্রদানের লক্ষ্যে নিম্নে উল্লিখিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলোঃ

ক্র. নং	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	গঠিত কমিটিতে পদবী
০১	০২	০৩
১.	জনাব সনজিত কুমার বিশ্বাস কর কমিশনার, কর অঞ্চল-৭, ঢাকা।	আহ্বায়ক
২.	জি.এম আবুল কালাম কায়কোবাদ অতিরিক্ত কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-২, ঢাকা।	সদস্য
৩.	জনাব মোঃ লুৎফুল আজীম অতিরিক্ত কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-৮, ঢাকা।	সদস্য
৪.	জনাব আহসান হাবীব অতিরিক্ত মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।	সদস্য
৫.	জনাব মোঃ শামীমুর রহমান প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ), জারাবো।	সদস্য
৬.	মিজ শারমিন ফেরদৌস অতিরিক্ত মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।	সদস্য

ক্র. নং	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	গঠিত কমিটিতে পদবী
০১	০২	০৩
৭.	মিজ জিনাত আরা যুগ্ম কর কমিশনার, কর অঞ্চল-৩, ঢাকা।	সদস্য
৮.	ড. এ কে এম আতিকুল হক যুগ্ম কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ)	সদস্য
৯.	জনাব অঞ্জন কুমার সাহা প্রথম সচিব (কর বিধি), জারাবো।	সদস্য
১০.	জনাব মোঃ সারোয়ার হোসেন চৌধুরী যুগ্ম কর কমিশনার, আপীলাত রেঞ্জ-৩, কর আপীল অঞ্চল-১, ঢাকা।	সদস্য
১১.	মিজ রুনা লায়লা যুগ্ম কর কমিশনার (বিভাগীয় প্রতিনিধি) কর আপীলাত ট্রাইবুনাল বেঞ্চ-৫, ঢাকা।	সদস্য
১২.	জনাব মোঃ ফখরুল ইসলাম উপ কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা।	সদস্য
১৩.	এ.জেড.এম নুরুজ্জামান উপ কর কমিশনার, কর অঞ্চল-১৪, ঢাকা।	সদস্য
১৪.	জনাব মোঃ জাহেদুল ইসলাম দ্বিতীয় সচিব (কর পরিবীক্ষণ ও সমন্বয়) জারাবো।	সদস্য
১৫.	মিজ হাছিনা আক্তার দ্বিতীয় সচিব (কম্পিউটার ও অভিযোগ), জারাবো।	সদস্য

গঠিত কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

ক. ২০১৫ সালে অনুষ্ঠিত বিপিএল-এ অংশগ্রহণকারী ফ্রাঞ্চাইজি কোম্পানীর বিস্তারিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা,
খ. ফ্রাঞ্চাইজি কোম্পানী সমূহের সাথে বিপিএল কমিটি/বিসিবি এর চুক্তির বিস্তারিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা,
গ. অংশগ্রহণকারী প্রতিটি দলের অনিবাসী খেলোয়াড়দের প্রদেয় সম্মানী বিষয়ক তথ্য সংগ্রহ ও পর্যালোচনা,
ঘ. অনিবাসী খেলোয়াড়দের প্রদেয় সম্মানীর পরিমাণ ও ৫৬ ধারায় প্রদত্ত/ প্রদেয় কর বিষয়ক কার্যক্রম,
ঙ. বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত এতদসংক্রান্ত তথ্য সংগ্রহ এবং কেন্দ্রীয় ব্যাংক হতে খেলোয়াড়দের প্রদত্ত অর্থ / প্রদেয় অর্থ পারিশ্রমিক বিষয়ক তথ্য সংগ্রহ পূর্বক প্রযোজ্য কর আদায়ের কার্যক্রম গ্রহণ এবং
চ. গঠিত কমিটি এসংক্রান্ত বিষয়ে সভা আহ্বান করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ পূর্বক আগামী ২৫ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দের মধ্যে বিস্তারিত প্রতিবেদন সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) বরাবর প্রেরণ করবেন।

স্বাক্ষরিত/০৪.০১.২০১৬
(মোঃ আব্দুর রাজ্জাক)
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ

০১। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ)/ কর আপীল অঞ্চল-১, ঢাকা।
০২। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।
০৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৭/৮/১৪, ঢাকা।
০৪। জনাব ....

নথি: ০৮.০১.০০০০.০২৮.১০.০০৩.১৬/৬৮৫ তারিখ ঃ ০৪/০১/২০১৬ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ</u>

০১। সদস্য সকল (আয়কর অনুবিভাগ) জাতীয় রাজস্ব বোর্ড।
০২। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(হাছিনা আক্তার)
দ্বিতীয় সচিব (কর-৬)